দৈনিক ইত্তেফাক

তারিখ 22 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ২

৫৪

# ফলাফল স্থগিত রাখার কারণ কি?

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বোর্ডের অধীনে বিভিন্ন কলেজের এইচএসসি পরীক্ষার স্থগিত ফলাফল অবিলম্বে প্রকাশের দাবীতে একদল ছাত্র-ছাত্রী গতকাল (বুধবার) বোর্ডের চেয়ারম্যানের অফিসের সম্মুখে বিক্ষোভ পালন করে। তাহারা চেয়ারম্যানকে অফিস কক্ষে না পাইয়া কন্ট্রোলারের সহিত সাক্ষাৎ করে। ইহার পর ছাত্র-ছাত্রীরা মিছিল সহকারে প্রেস ক্লাবের সম্মুখে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। সমাবেশে বলা হয়, বোর্ড কর্তৃপক্ষ ও বুয়েট কম্পিউটার সেকশনের খামখেয়ালীর কারণে বিভিন্ন কলেজে অনেক

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ফলাফল

(১ম পৃঃ পর)

মেধাবী ছাত্র-ছাত্রীর ফলাফল প্রকাশিত হয় নাই। সমাবেশে একটি তদন্ত কমিটি গঠন করিয়া অবিলম্বে স্থগিত ফলাফল প্রকাশের দাবী করা হয়। ঢাকা কলেজে ৬০ জন, নটরডেম কলেজে ৭০ জন, হলিক্রস কলেজে ৪৫ জন, ভিখারুননিসা নুন কলেজে ৪৩ জন, রেসিডেন্সিয়াল মডেল কলেজে ১১ জন, সরকারী বিজ্ঞান কলেজে ৪৭ জন, তেজগাঁও কলেজে ১৯৮ জন, তিতুমীর কলেজে ৩৮ জন, কমার্স কলেজে ১৫ জন, ঢাকা সিটি কলেজে ৫০ জন, আইডিয়াল কলেজে ৩১ জন, সরকারী বাংলা কলেজে ২২১ জন, সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজে ৭৫ জন, বদরুন্নেসা কলেজে ৪০ জন, কবি নজরুল ইসলাম কলেজে ৫০ জন, হাবিবুল্লাহ বাহার কলেজে ৫০ জন ছাত্র-ছাত্রীর ফলাফল স্থগিত রহিয়াছে বলিয়া জানা গিয়াছে।

একটি সূত্র জানায়, অধিকাংশ ক্ষেত্রে কোন কারণ ছাড়াই ফলাফল স্থগিত রাখা হইয়াছে। ইহার জন্য বুয়েট-কম্পিউটার সেকশনকে দায়ী করা হইতেছে। ঢাকা বোর্ডের কন্ট্রোলারের মেয়ের পরীক্ষার ফলাফলও স্থগিত রহিয়াছে। বিশ্বস্ত একটি সূত্রের মতে, মেধাস্থান অধিকার করিতে পারে এমন কয়েকজন ছাত্রছাত্রীও ফলাফল পায় নাই।